

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং ১২.০০.০০০০.০৩০.০৪০.১১৮.২০১৫-১৮৬

তারিখ: ১১/০৫/২০১৫ খ্রিঃ

বিষয় : আগামী ২০১৫-১৬ অর্থ বছরে বেসরকারী পর্যায়ে সার আমদানি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২০১৫-১৬ অর্থ বছরে বেসরকারী পর্যায়ের মাধ্যমে প্রায় ২.০০ লক্ষ মে. টন টিএসপি, প্রায় ৪.০০ লক্ষ মে. টন ডিএপি এবং প্রায় ২.৪০ লক্ষ মে. টন এমওপি সার সংগ্রহ করা হবে। সারের সংগ্রহ পরিকল্পনা প্রণীত হওয়ায় বিগত ২৯/০১/২০১৫ তারিখ নং-১২.০০.০০০০.০৩০.০৪০.১১৫.১৫-৫৮ স্মারকে জারীকৃত "নন-ইউরিয়া সার আমদানি, বিক্রয় এবং ভর্তুকি বিতরণ/প্রদান পদ্ধতি" সংক্রান্ত পরিপত্রের আলোকে এবং নিম্ন-বর্ণিত নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে ভর্তুকি কর্মসূচীর আওতায় বেসরকারী পর্যায়ের জন্য নির্ধারিত কোটার সার সংগ্রহের জন্য সার আমদানিকারকগণের (নিজস্ব প্যাডে) নিকট হতে প্রস্তাব আহ্বান করা যাচ্ছে :

ক। বেসরকারী পর্যায়ে সার আমদানির লক্ষ্যে আগামী ৩১ মে ২০১৫ তারিখ সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে সীলগালাকৃত খামে প্রস্তাব দাখিল করতে হবে। সীলগালাকৃত খামের উপর সারের নাম উল্লেখ করতে হবে। সীলগালাকৃত খামে প্রস্তাবসমূহ কৃষি মন্ত্রণালয়ের ৫০৮ নম্বর কক্ষের সামনে রক্ষিত বাস্ক অথবা সদস্য-পরিচালক (সার ব্যবস্থাপনা), বিএডিসি'এর দপ্তরে রক্ষিত বাস্কে জমা দিতে হবে।

খ। সারের চাহিদা পূরণকল্পে কোন পর্যায়ে/শেষদিকে কোন নির্দিষ্ট পরিমাণ সারের জন্য একাধিক প্রস্তাবকের দর একই হলে লটারির মাধ্যমে এক বা একাধিক প্রস্তাব মনোনীত করা হবে। চূড়ান্ত মনোনয়ন জারীর ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে ঋনপত্র স্থাপনপূর্বক জামানতের অবশিষ্ট অর্থসহ কৃষি মন্ত্রণালয়ে জমা দিতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে ঋনপত্র স্থাপনে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্তসহ মনোনয়ন বাতিল করা হবে। সার জাহাজীকরণের সম্ভাব্য সর্বশেষ সময়সীমা সেপ্টেম্বর ২০১৫; তবে জাহাজীকরণের নির্দিষ্ট তারিখ কেইস-টু-কেইস ভিত্তিতে পরবর্তীতে জানানো হবে। উৎপাদক প্রতিষ্ঠান কর্তৃক নিজস্ব প্যাডে সারের মান সংক্রান্ত সনদে সারের বিনির্দেশসহ সংশ্লিষ্ট আমদানিকারককে নির্দিষ্ট পরিমাণ সার সরবরাহে সম্মত মর্মে উল্লেখ থাকতে হবে। প্রস্তাবক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত সারের বিনির্দেশ বাংলাদেশে কৃষির জন্য অনুমোদিত বিনির্দেশের সাথে গড়মিল পরিলক্ষিত হলে এবং বিনির্দেশ সংক্রান্ত সনদ পরীক্ষা-নিরীক্ষাপূর্বক ডুয়া/জাল প্রমাণিত হলে সরবরাহকারী প্রতিষ্ঠানসহ প্রস্তাবক প্রতিষ্ঠান ও ব্যক্তিকে কালো তালিকাভুক্ত করা হবে। বিগত ২৯/০১/২০১৫ তারিখ নং-১২.০০.০০০০.০৩০.০৪০.১১৫.১৫-৫৮ স্মারকে জারীকৃত "নন-ইউরিয়া সার আমদানি, বিক্রয় এবং ভর্তুকি বিতরণ পদ্ধতি" সংক্রান্ত পরিপত্র মোতাবেক প্রস্তাব দাখিলে ব্যর্থ হলে বা কোন অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ প্রস্তাব দাখিল করলে তা বাতিল বলে গণ্য হবে। বাংলাদেশ ব্যাংকের পরামর্শ মোতাবেক সার আমদানি অর্থায়নের সুদহার ১৪ % এর মধ্যে সীমিত থাকবে।

গ। বেসরকারী সার আমদানিকারকগণ কমপক্ষে চারটি মোকামে (চট্টগ্রাম, নারায়নগঞ্জ, নগরবাড়ী ও নোয়াপাড়া) সার সংরক্ষণ করবেন। উক্ত মোকামসমূহের মধ্যে চট্টগ্রামে ১০%; নারায়নগঞ্জে ৩০%, নগরবাড়ীতে ৩০% এবং নোয়াপাড়ায় ৩০% সার সংরক্ষণ করতে হবে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত নির্দেশনাসহ "নন-ইউরিয়া সার আমদানি, বিক্রয় এবং ভর্তুকি বিতরণ/প্রদান পদ্ধতি" সংক্রান্ত পরিপত্রের শর্তাদি প্রতিপালন করে সার আমদানি প্রস্তাব দাখিলের বিষয়ে সার আমদানিকারকগণকে অবহতির জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


১১/০৫/১৫

(শেখ বদিউল আলম)

উপ-প্রধান

ফোন: ৯৫৪০৬০৬

ই-মেইল : alam.badiul@gmail.com

চেয়ারম্যান

বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন

আলরাজি কমপ্লেক্স, ১৬৬-১৬৭ পুরানা পল্টন, ঢাকা।

অনুলিপি :

৪ সদস্য-পরিচালক, সার ব্যবস্থাপনা বিভাগ, বিএডিসি, দিলকুশা বা/এ, ঢাকা। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

৪ মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪ সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৪ প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)